

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৮৫
আগরতলা, ৫ ফেব্রুয়ারি, ২০২৪

৩৪তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা
দশম দিনে শিল্প ও বাণিজ্য মন্ত্রীর মেলা পরিদর্শন

৩৪তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলার দশম দিন অর্থাৎ ৩ ফেব্রুয়ারি ২০ লক্ষ ৮১ হাজার টাকার বিভিন্ন সামগ্রী বিক্রি হয়েছে। তাছাড়া মেলার প্রথম ১০ দিনে ১ কোটি ৬৬ লক্ষ ৯৫ হাজার টাকার সামগ্রী বিক্রি হয়েছে। শিল্প ও বাণিজ্য দপ্তরের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে। তাছাড়া আরও জানানো হয় ৪ ফেব্রুয়ারি শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা, মুখ্যসচিব জে কে সিনহা এবং দপ্তরের সচিব কিরণ গিত্যে মেলায় এসে বিভিন্ন স্টল ঘুরে দেখেন। সেই সময় তারা স্বউদ্যোগী, বিভিন্ন শিল্প কেন্দ্র ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন।
